

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বিষয়ে
স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার তারিখ ও সময় : ২৭ ডিসেম্বর ২০২২ (মঙ্গলবার), বেলা ২.৩০ মিনিট
সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভা কক্ষ (ব্লক-বি)
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং আমন্ত্রিত স্টেকহোল্ডার ও উপস্থিত কর্মকর্তাগণকে উন্মুক্ত আলোচনার আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে মোসা: কামরুন্নাহার, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সভা আহ্বানের বিষয় এবং সভার আলোচ্যসূচি সম্পর্কে সকলকে অবহিত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। তিনি সভাকে জানান যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০২২-২৩ অর্থবছরের সেবাপ্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার কার্যক্রম ২.২. অনুযায়ী সেবা প্রদানের বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে। তিনি দাপ্তরিক সেবাসমূহকে সহজে স্টেকহোল্ডারগণের কাছে পৌঁছে দিতে সেবাপ্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার গুরুত্ব তুলে ধরেন।

৩। তিনি জানান যে, 'সবার আগে নাগরিক'-এ মূলমন্ত্রকে কেন্দ্র করে গভর্ন্যান্স ইনোভেশন ইউনিট (GIU)-র কার্যক্রম আর্ভিত। সাংগঠনিক কর্মপরিশির অংশ হিসেবেই জিআইইউ সূচনালগ্ন থেকে নাগরিক সেবাপ্রক্রিয়া সহজিকরণ তথা সেবার মানোন্নয়নে ভূমিকা রাখছে। এরই অংশ হিসেবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ দেশ ও মানুষের কল্যাণে সঠিক পরিকল্পনা গ্রহণে সময়োপযোগী পরিসংখ্যান সরবরাহ করছে এবং এ লক্ষ্য বাস্তবায়নে সংস্কারমূলক কার্যক্রম হিসেবে স্ব-মূল্যায়িত APA প্রস্তুত করা হয়েছে। এ প্রেক্ষাপটে নিজস্ব Capacity ও Commitment অনুযায়ী কাজ করার অঙ্গীকার ব্যক্ত করে APA মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) নিয়মিত হালনাগাদ করা হচ্ছে বলেও তিনি সভাকে অবহিত করেন।

৪। অতঃপর জুলাই-সেপ্টেম্বর, ২০২২ সময়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণসংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। পরিবীক্ষণকৃত ১০টি সেবা নিম্নরূপ:

- (১) স্ব-প্রণোদিত তথ্যপ্রদান নিশ্চিতকরণ; (২) পদসৃজন; (৩) প্রণয়নকৃত ও প্রক্রিয়াকরণকৃত সকল অফিসিয়াল পরিসংখ্যান প্রকাশনা ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ; (৪) পদসংরক্ষণ; (৫) অস্থায়ী পদ স্থায়ীকরণ; (৬) ব্যয় মঞ্জুরি অনুমোদন; (৭) বার্ষিক ক্রয় প্রস্তাব; (৮) চাকরি স্থায়ীকরণ; (৯) পরিসংখ্যান ও

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

পূর্ব পৃষ্ঠার পর:

তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের গৃহনির্মাণ ঋণপ্রদান এবং (১০) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মোটরযান ক্রয়ে অগ্রিম প্রদান।

৫। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা অনুযায়ী সেবাগ্রহীতাদের মতামত পর্যালোচনা এবং পরিবীক্ষণ কমিটিতে সদস্যসচিব হিসেবে মোসা: কামরুন্নাহার, উপসচিবের নাম অন্তর্ভুক্ত করে পুনর্গঠন করা হয়েছে।

৬। সভাপতি স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভায় আগত সকল অংশীজনকে মূল্যবান বক্তব্য ও মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, অংশীজনের সঙ্গে মত বিনিময়ের মাধ্যমে সমস্যাগুলো সম্পর্কে পরিচ্ছন্ন ধারণা পাওয়া যায় এবং পারস্পরিক আলোচনায় সহযোগিতার ক্ষেত্রসমূহ চিহ্নিত হয়।

৭। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) ১০টি বাছাইকৃত সেবার বিষয়ে প্রাপ্ত মতামত অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদ করতে হবে;

(খ) হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) ওয়েবসাইটে আপলোড করতে হবে;

পরিশেষে সভাপতি উপস্থিত কর্মকর্তাদের যুক্তিযুক্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা ও বাস্তবায়নের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে সকলকে আশ্বস্ত করেন। সভায় আলোচনার আর কোনো বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-


শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব

নং-৫২.০০.০০০০.০০৭.৩১.০১১.২২-৫৯৫

তারিখ: ১৪ পৌষ ১৪২৯
২৯ ডিসেম্বর ২০২২

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব (সমন্বয় ও সংস্কার), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৩। প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৬। অফিস কপি।


মোসা: কামরুন্নাহার ২৯.১২.২০২২
উপসচিব